

আঙ্গুলের ছাপে সিম নিবন্ধন কার্যক্রমের উদ্বোধন করলেন জয়

✍ নিজস্ব প্রতিবেদক | 🕒 আপডেট: ১১:১২ এএম, ২১ অক্টোবর ২০১৫, বুধবার

আঙ্গুলের ছাপ বা বায়োমেট্রিক পদ্ধতিতে মোবাইল সিম নিবন্ধনের পরীক্ষামূলক কার্যক্রমের উদ্বোধন করেছেন প্রধানমন্ত্রীর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক উপদেষ্টা সজীব ওয়াজেদ জয়। বুধবার সকালে সচিবালয়ে ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ে নিজেই আঙ্গুলের ছাপ দিয়ে এ পদ্ধতির উদ্বোধন করেন তিনি।



জয় বলেন, বায়োমেট্রিক পদ্ধতিতে সিম নিবন্ধন চালুর ক্ষেত্রে বাংলাদেশ দ্বিতীয়। এটি আমার ভালো লেগেছে। এ সময় উপস্থিত ছিলেন ডাক ও টেলিযোগাযোগ প্রতিমন্ত্রী তারানা হালিম ও সচিব ফাইজুর রহমান।

প্রসঙ্গত, আগামী ১ নভেম্বর থেকে পরীক্ষামূলকভাবে গ্রাহকরা কাস্টমার কেয়ার থেকে বায়োমেট্রিক পদ্ধতিতে নিবন্ধন করতে পারবেন। আর ১৬ ডিসেম্বর থেকে বায়োমেট্রিক পদ্ধতিতে চূড়ান্তভাবে নিবন্ধন প্রক্রিয়া শুরু করবেন অপারেটররা।

ভুয়া পরিচয় এবং নিবন্ধন না করে সিম কিনে অপরাধীদের ব্যবহার ঠেকাতে গ্রাহকদের তথ্য যাচাই ও সিম পুনঃনিবন্ধনের এই উদ্যোগ নেওয়া হয়।

জেডএইচ/এআরএস/পিআর

ভারপ্রাপ্ত সম্পাদক : সুজন মাহমুদ
© ২০১৫ সর্বস্বত্ত্ব সংরক্ষিত | জাগোনিউজ২৪.কম
উন্নয়নে: জাগো ডিজিটাল

হোসেন মার্কেট (৯ম তলা), চ-৭৪ প্রগতি সরণি, বাজা,
ঢাকা-১২১২
ফোন: ০২ ৮৮২২৬৮৯ ফ্যাক্স: ০২ ৮৮২২১৭৬
ই-মেইল: info@jagonews24.com,
jagonews24@gmail.com

জাগো নিউজে প্রকাশিত/প্রচারিত সংবাদ, আলোকচিত্র, ভিডিওচিত্র, অডিও বিনা অনুমতিতে ব্যবহার করা বেআইনি

